

অন্টারিওর ন্যূনতম মজুরি



- আপনার কাজের ক্ষেত্রে প্রতি ঘন্টায় আপনার বস আপনাকে কমপক্ষে ১৬.৫৫ ডলার ন্যূনতম মজুরি দিতে হবে।
- ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ন্যূনতম মজুরি ১৫.৬০ ডলার।
- কিন্তু কিছু ক্ষেত্রে, আপনার কাজের উপর নির্ভর করে, আপনি ন্যূনতম মজুরি নাও পেতে পারেন। যেমন: কৃষি কর্মী, আইটি কর্মী এবং বিভিন্ন সুপারিনটেনডেন্টদের মতো কিছু কাজ ন্যূনতম মজুরি আইন দ্বারা সুরক্ষিত নয়।

	প্রাপ্তবয়স্কদের ন্যূনতম মজুরি	১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীরা
১ লা অক্টোবর ২০২৩	১৬.৫৫ ডলার	১৫.৬০ ডলার

আমি নিজেকে কীভাবে রক্ষা করব যদি আমাকে সঠিকভাবে বেতন দেওয়া না হয়?

- যদি আপনার বস আপনাকে ন্যূনতম মজুরির চেয়ে কম বেতন দেয় তবে আপনার কাজ করার সকল তারিখ, কাজের ঘন্টা এবং আপনাকে যে মজুরি দেওয়া হয়েছিল তা আপনি লিখিত ভাবে আপনার নিজের নিকট সংরক্ষণ করুন।
- যতটা সম্ভব প্রমাণ সংগ্রহ করুন। এতে আপনার চাকরির চুক্তি, সময়সূচী, ফটোগ্রাফ এবং পাঠ্য বার্তা অন্তর্ভুক্ত থাকতে পারে।
- আপনি যদি আপনার ফোন, ইমেল অ্যাকাউন্ট বা আপনার কর্মক্ষেত্রে প্রবেশের অধিকার বা অনুমতি হারিয়ে ফেলেন তবে ব্যাকআপ তৈরি করার চেষ্টা করুন। প্রয়োজনে কাগজের অনুলিপি বা কপি মুদ্রণ করুন বা স্ক্রিনশট নিন এবং তা ব্যক্তিগত ভাবে নিজের কাছে সংরক্ষণ করুন।
- যদি আপনাকে ন্যূনতম মজুরি না দেওয়া হয় তবে 416-531-0778 এ ওয়ার্কাস অ্যাকশন সেন্টারে আমাদের কল করুন যাতে আপনাকে আমরা আপনার পাওনা ফেরত পেতে বিনা মূল্যে সাহায্য করতে পারি।

অন্টারিওর ন্যূনতম মজুরি কেন বাড়ছে?

- অন্টারিওর কর্মীরা ২০১৪ সালে একটি আইনের জন্য লড়াই করেছিল এবং জিতেছিল যা অন্টারিওর ন্যূনতম মজুরি বৃদ্ধিকে আমাদের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির সাথে যুক্ত করা হয়েছিল। এই খরচগুলির মধ্যে খাদ্য, ভাড়া, পোশাক এবং পরিবহনের মতো জিনিস অন্তর্ভুক্ত হয়েছিল।
- ২০১৪ সালের এই আইনের আগে অন্টারিও সরকারের পক্ষে আমাদের ন্যূনতম মজুরি স্থগিত করা সহজ ছিল। উদাহরণস্বরূপ, কনজারভেটিভ সরকার ৯ বছরের জন্য ন্যূনতম মজুরি ৬.৮৫ ডলার স্থগিত করেছে।
- যখন আমাদের মজুরি স্থগিত করা হয় কিন্তু দ্রব্য মূল্যের দাম বেড়ে যায়, তখন এটি আমাদের বস আমাদের বেতন কাটার মতোই। এ জন্য এই আইনের জন্ম অনেক কর্মীদের জন্য একটি গুরুত্বপূর্ণ জন্ম ছিল।
- কিন্তু ১৬.৫৫ ডলার এখনও যথেষ্ট নয়। কর্মীরা আরও বেশি প্রাপ্য। অন্টারিও সরকারকে ন্যূনতম মজুরি বাড়াতে হবে যাতে কেউ দারিদ্র্যে মজুরির জন্য কাজ না করে।

আপডেট অক্টোবর ২০২৩